

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
International Mother Language Institute (IMLI)

Shahid Captain Mansur Ali Sharoni, 1/ka, Segunbagicha, Dhaka-1000, Bangladesh

Phone + 88-02-839 13 46, +880 1914104566 e-mail : imli.moebd@gmail.com website : www.imli.gov.bd

স্মারক নং- ৩৭.২৬.০০০০.১০২.১০.০০২.২২-৭৯

২১ ভাদ্র ১৪২৯

তারিখ :-----

০৫ সেপ্টেম্বর ২০২২

বিষয় : 'মাতৃভাষা পত্রিকা' জার্নাল প্রকাশের জন্য গবেষণা-প্রবন্ধ আহ্বান।

প্রিয় মহোদয়,

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নিয়মিত রিভিউড গবেষণা জার্নাল হচ্ছে *মাতৃভাষা পত্রিকা*। এই গবেষণা পত্রিকার পরবর্তী সংখ্যা (৮ম বর্ষ : ২য় সংখ্যা, জুলাই-ডিসেম্বর ২০২২) প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জার্নালে প্রকাশের জন্য নিম্নে উল্লিখিত অনুচ্ছেদ ২ ও ৩-এ বর্ণিত বিষয়াদি অনুসরণে প্রস্তুতকৃত প্রবন্ধ প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করছি।

০২. প্রেরিতব্য প্রবন্ধ নিম্নলিখিত বিষয়াশ্রমী হতে পারে:

- বাংলাদেশ ও বহির্বিশ্বের মাতৃভাষা পরিস্থিতি;
- লিখনব্যবস্থা নেই এমন মাতৃভাষার লিখনব্যবস্থা প্রবর্তন, মাতৃভাষার ধ্বনিতত্ত্ব (Phonology), রূপতত্ত্ব (Morphology), বাক্যতত্ত্ব (Syntax) ও বাগর্থতত্ত্ব (Semantics);
- ভাষার নথিবদ্ধকরণ (documentation), ভাষা-সংরক্ষণ (preservation) ও প্রমিতায়ন (standardization), মাতৃভাষায় অভিধান প্রণয়ন, শিশুপাঠ্য বই (Primer) রচনা ও শিক্ষক প্রশিক্ষণে মাতৃভাষার ব্যবহার;
- টেকসই উন্নয়ন ও মাতৃভাষা;
- বহুভাষিক রাষ্ট্রে ভাষিক বৈচিত্র্য সংরক্ষণ ও শিক্ষা কার্যক্রমে ভাষাপরিকল্পনা;
- বাংলাদেশের ভাষানীতি ও ভাষাব্যবস্থাপনা;
- গণমাধ্যম ও মাতৃভাষার ব্যবহার;
- শিক্ষা-পরিকল্পনায় মাতৃভাষার গুরুত্ব;
- ভাষাবিজ্ঞান;
- ভাষা ও সংস্কৃতি;
- জাতীয় উন্নয়নে মাতৃভাষা-নির্ভর শিক্ষার গুরুত্ব ও বহির্বিশ্বের বাস্তবতা;
- বাংলাদেশের প্রেক্ষাপটে ভাষার সংরক্ষণ ও প্রমিতকরণের প্রয়োজনীয়তা;
- বিপন্ন বা বিলুপ্তপ্রায় ভাষার সংরক্ষণ ও প্রমিতকরণ;
- ভাষাগত বৈচিত্র্য এবং জাতীয় উন্নয়ন;
- বাংলাদেশে উপভাষা সংরক্ষণের প্রয়োজনীয়তা;
- ইংরেজি দ্বিতীয়/বিদেশি ভাষা (EFL) বা ইংরেজি ভাষা শিক্ষা (ELT) বা মিশ্র পদ্ধতির মাধ্যমে ইংরেজি শেখা/শিক্ষা;
- বাংলাদেশে বিদেশি ভাষা শিখন/শিক্ষণ।


০৩. প্রবন্ধ রচনায় নিম্নলিখিত নির্দেশনা অনুসরণীয়:

- প্রবন্ধ অবশ্যই বাংলা ভাষায় লিখিত, অপ্রকাশিত ও মৌলিক হতে হবে;
- লেখা Suttony MJ ফন্টে 1.15 space দিয়ে মুদ্রিত হতে হবে;
- প্রবন্ধের সঙ্গে Abstract বা সারসংক্ষেপ (ন্যূনাধিক ১৫০ শব্দে) ও ০৬ (ছয়)-টি মূলশব্দ (key words) থাকতে হবে;
- লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর থাকতে হবে;
- Citation বা reference-এর ক্ষেত্রে American Psychological Association (APA) নির্দেশিত পদ্ধতি অনুসরণ করতে হবে;
- প্রকাশিত প্রবন্ধের জন্য লেখককে *আমাই* নির্ধারিত সম্মানি প্রদান করা হবে;
- নির্বাচিত কোনো প্রবন্ধ স্থানাভাবে প্রকাশ করা সম্ভব না হলে তা পরবর্তী সংখ্যায় প্রকাশিত হবে।

০৪. *মাতৃভাষা পত্রিকা*-র উল্লিখিত সংখ্যার জন্য আগামী ১৫ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে প্রবন্ধের সফট (soft) কপি (MS word এবং PDF উভয় ফরম্যাটে) imli.moebd@gmail.com, shahnaj.prog3@gmail.com, naznin.imli@gmail.com, mamunimli21@gmail.com ঠিকানায় প্রেরণসহ একটি মুদ্রিত (hard) কপি মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, সেগুনবাগিচা, ঢাকা ১০০০) বরাবর পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

বিতরণ:

১. রেজিস্ট্রার,
২. মহাপরিচালক,
৩. অধ্যক্ষ,
৪. জনাব,
৫. অফিস কপি।



(প্রফেসর ড. হাকিম আরিফ)

মহাপরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ফোন : ০২-৮৩৯১৩৪৬

ই-মেইল: hakimarif@du.ac.bd